

পঞ্চম থেকে অষ্টম শ্রেণীর তফশিলী জাতির ছাত্রছাত্রীদের জন্য শিক্ষাশ্রী বৃত্তি প্রকল্প

পঞ্চম থেকে অষ্টম শ্রেণীর তফশিলী জাতির পড়ুয়াদের জন্য এই বছর (২০১৪-১৫) থেকে শিক্ষাশ্রী বৃত্তি প্রকল্প চালু করা হচ্ছে।

এই প্রকল্পে অন্তর্ভুক্তিকরণ / সুবিধা পাওয়ার জন্য :

- ১। যে কোন স্বীকৃত স্কুলের তপশিলী জাতির, পঞ্চম থেকে অষ্টম শ্রেণীর পড়ুয়া হতে হবে।
- ২। পরিবারের বাৎসরিক আয় ২.৫ লক্ষ টাকার মধ্যে হতে হবে।
- ৩। ক্লাসে উপস্থিতির হার সন্তোষজনক হতে হবে।
- ৪। বিগত বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা কেবলমাত্র বিবেচিত হবে।
- ৫। আবেদনকারী ঐ সময়ের জন্য অন্য কোন সরকারী বৃত্তি / ভাতা নিতে পারবে না।
- ৬। পড়ুয়াকে অতি অবশ্যই একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে হবে। ঐ অ্যাকাউন্টে বৃত্তির টাকা পাঠানো হবে। কোন রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্কের শাখায় অ্যাকাউন্ট খোলা বাঞ্ছনীয়।
- ৭। আবেদনপত্রের সঙ্গে ঐ ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ যেমন IFSC Code, অ্যাকাউন্ট নং, ব্যাঙ্ক এবং ব্রাঞ্চার নাম ও ঠিকানা দিতে হবে।
- ৮। ছাত্রাবাসে বসবাসকারী পড়ুয়ারা ছাত্রাবাস ভাতা পাবেন, কিন্তু এই বৃত্তির জন্য বিবেচিত হবে না।  
বাৎসরিক বৃত্তির পরিমাণ :  
পঞ্চম শ্রেণী - ৫০০ টাকা  
ষষ্ঠ শ্রেণী - ৬৫০ টাকা  
সপ্তম শ্রেণী - ৭০০ টাকা  
অষ্টম শ্রেণী - ৮০০ টাকা

\* সত্ত্বর আবেদন করতে হবে। আবেদনের শেষ তারিখ ১৫ই সেপ্টেম্বর, ২০১৪।

আবেদন পত্রের জন্য যোগাযোগ :

নিজের বিদ্যালয়, কাছাকাছি গ্রাম পঞ্চায়েত অফিস, ব্লক অফিস, চক্র অফিস, জেলা প্রকল্প আধিকারিক অনগ্রসর শ্রেণী কল্যাণ

বিশদ জানতে দেখুন : [www.anagrasarkalyan.gov.in](http://www.anagrasarkalyan.gov.in)

: আবেদনপত্রের মূল বয়ানের যে কোন ধরনের প্রতিলিপি গ্রাহ্য হবে - এমনকি হাতে লেখা হলেও হবে। :